

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০৩.২২.১২

তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

রাজশাহী জেলার মোহনপুর উপজেলা ভূমি অফিস আকস্মিক পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তা : জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী
পরিদর্শনের তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২২
পরিদর্শনের সময় : বেলা ১২-২০টা

গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে নিম্নস্বাক্ষরকারী রাজশাহী জেলার মোহনপুর উপজেলা ভূমি অফিস আকস্মিক পরিদর্শন করি। পরিদর্শনকালে সহকারী কমিশনার (ভূমি) (অতিঃ দাঃ), মোহনপুর জনাব মোঃ সানওয়ার হোসেনসহ ভূমি অফিসের কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে ভূমি অফিসে আগত সেবাপ্রার্থীগণের সাথে মতবিনিময় করা হয় এবং পরবর্তীতে ভূমি অফিসের শাখা ভিত্তিক গুরুত্বপূর্ণ রেজিস্টার, কেস নথি ও অন্যান্য বিষয় খতিয়ে দেখা হয়।

- ভূমি অফিসে আগত সেবাপ্রার্থী মোসাঃ ময়না খাতুনের সাথে কথা বলে জানা যায় তিনি ২০২১-২২ বছরের ১৬০৮ নং নামজারি মামলার বিষয়ে এসেছেন। মামলা নিষ্পত্তির চূড়ান্ত পর্যায়ে রয়েছে জানা গেল। মোহনপুর উপজেলা ভূমি অফিস হতে প্রদত্ত সেবা সন্তোষজনক মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।
- উপজেলা ভূমি অফিসটি নিজস্ব এবং পাকা ভবনে অবস্থিত। রেকর্ডপত্র পরিচ্ছন্ন এবং নথিপত্রসমূহ যথাযথভাবে সুবিন্যস্তভাবে সংরক্ষণ করা হচ্ছে। অফিসের জমির পরিমাণ ০.১৪৯৮ একর। উপজেলাধীন ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা ০৩টি।
- সিটিজেন চার্টার দৃশ্যমান এবং সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে।
- হাজিরা খাতাটি নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে এবং ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে।
- ১ নং রেজিস্টার আর ও আর বহির মোট সংখ্যা ১৬৬টি, তন্মধ্যে ভাল ১৬৬টি, হেঁড়া নেই। মৌজার সংখ্যা ১৬৬টি, মৌজা ম্যাপ সংখ্যা ৯৮টি। নামজারি আদেশ সঠিকভাবে সংশোধন করা হচ্ছে।
- ৪ নং রেজিস্টার (ক্যাশ রেজিস্টার) পর্যালোচনায় দেখা যায়, প্রতিদিনের আদায় লিপিবদ্ধ করা হচ্ছে।
- মোট হাট-বাজারের সংখ্যা ১৪টি (ইজারাকৃত), তন্মধ্যে পেরিফেরীভূক্ত ০৬টি এবং পেরিফেরী ব্যতীত ০৮টি। ২০ একর পর্যন্ত জলমহালের সংখ্যা ৩২৫টি এবং ২০ একরের উর্ধ্বে ০৪টি।
- পরিদর্শনের তারিখ পর্যন্ত মোট বিবিধ আদায় (৭ নং রেজিস্টার) ১৬,৭১,৩৮৮/- টাকা।
- ৮ নং রেজিস্টারটি বিধি মোতাবেক ০৪টি খণ্ডে সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে। গত ৩০/১২/২০২০ খ্রি. তারিখে সর্বশেষ তথ্য হালনাগাদ করা হয়েছে। ১ম খণ্ডে জমির পরিমাণ ১২৪২.৫০ একর, ২য় খণ্ডে ২২৩.৪৯ একর এবং ৩য় ও ৪র্থ খণ্ডে জমি নেই।
- ১২ নং রেজিস্টারটি (খাস জমি বন্দোবস্ত রেজিস্টার) নির্ধারিত ছকে সকল ঘর সঠিকভাবে পূরণ করা হচ্ছে। এ পর্যন্ত বরাদ্দকৃত জমির পরিমাণ কৃষি জমির পরিমাণ ২২২.৮৩ একর। বর্তমানে বরাদ্দের অপেক্ষায় জমির পরিমাণ কৃষি ০.৬৬ একর এবং অকৃষি ০.৯২ একর।
- ২৬ নং রেজিস্টারটি (পরিদর্শন রেজিস্টার) নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে। পর্যালোচনায় দেখা যায়, গত ০৯/১২/২০২১ খ্রি. তারিখে জনাব মুহাম্মদ শরিফুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী সর্বশেষ অফিসটি পরিদর্শন করেছেন। পরিদর্শনের নির্দেশনা এবং গৃহীত ব্যবস্থা সঠিকভাবে লিপিবদ্ধ করা হচ্ছে।
- দেওয়ানী মামলা রেজিস্টারটি নির্ধারিত ছকে সকল ঘর সঠিকভাবে পূরণ করা হচ্ছে। গতমাসে এস.এফ প্রেরণ করা হয়েছে ০৪টি এবং এ পর্যন্ত এস.এফ প্রেরণের জন্য পেন্ডিং মামলার সংখ্যা ০৩টি।

- গত অর্থবছরের ভূমি উন্নয়ন করের সাধারণ দাবী ৭৩,৯৭,৭৭৮/- টাকা, সংস্থার দাবী ২,০৪,৯৯৬/- টাকা। চলতি অর্থবছরের সাধারণ দাবী ৭৪,৮৩,৭৩৭/- টাকা, সংস্থার দাবী ২,৯১,২৯১/- টাকা। এ পর্যন্ত আদায় সাধারণ ৩৮,৭৩,৪৫৭/- টাকা, সংস্থা ১১,৩৪৫/- টাকা।

সার্বিক মন্তব্য:

- আগত সেবাপ্রার্থীগণ যেন তাদের প্রত্যাশিত সেবা পেতে কোন হয়রনানির শিকার না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে নামজারি মামলা নিষ্পন্ন করতে হবে।
- সংস্থার বকেয়া দাবী আদায়ের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে এবং সহকারী কমিশনার (ভূমি)-কে সর্বদা তৎপর থাকতে হবে।
- ইউনিয়ন ভূমি সহকারী ও উপ-সহকারী কর্মকর্তাদের নিয়ে মাসিক সভা করে দাবী আদায়ের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) নিয়মিত বিরতিতে অফিসটি পরিদর্শন/দর্শন করবেন।



২৬.০২.২২
জি এস এম জাফরউল্লাহ এনজিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, রাজশাহী
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী
- ৬। সহকারী কমিশনার (ভূমি), মোহনপুর, রাজশাহী